

ঢাবি'র নামে আইএমটি'র ঘুষ গ্রহণের অভিযোগ শিক্ষার্থীদের কর্মসূচি ঘোষণা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সনদপত্র আটকিয়ে রেখে শিক্ষার্থীদের হয়রানি করার অভিযোগ উঠেছে ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজীর (আইএমটি) বিরুদ্ধে। নিয়ম-বহির্ভূত এই শর্তের বাইরে শিক্ষার্থীদের কাছ থেকে টাকা আদায়ের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করছে ইনস্টিটিউট কর্তৃপক্ষ। জর্জির সময় ছাত্র-ছাত্রীদের দেওয়া শর্ত ভঙ্গ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এ ইনস্টিটিউটটি একদিকে যেমন শিক্ষার্থীদের কর্মজীবনে বাধা তৈরি করছে অন্যদিকে দুইটি ব্যাচের সমাবর্তনে অংশগ্রহণে বাধা তৈরি করেছে।

গত বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে ইনস্টিটিউটটির বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা এ দাবি করেন। কর্তৃপক্ষের এ অবস্থানকে অনৈতিক ও অন্যায্য দাবি করে সংকেট নিরসনে শিক্ষা মন্ত্রণালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের হস্তক্ষেপ কামনা করেছেন তারা। দাবি আদায়ে তারা আগামী ১৮ মার্চ ছাত্র অধিদপ্তরের সভাপতিচালক ও ২০ মার্চ শিক্ষামন্ত্রী বরাবর স্মারকসিপি পেশ করবে। এর মধ্যে দাবি আদায় না হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অফিসের সামনে আমরণ অনশন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন তারা।

সাংবাদিক সম্মেলনে শিক্ষার্থীরা অভিযোগ করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৬তম সমাবর্তনে অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ঘুষ বাবদ ১০ হাজার টাকা দেয়ার কথা বলে শিক্ষার্থীদের কাছে চাঁদা দাবি করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কোর্সটির ১ম ও ২য় ব্যাচের মোট ১০০ শিক্ষার্থীর কাছ হতে এ টাকা দাবি করা হয়। এছাড়া চার বছরে কোর্স শেষ করার কথা থাকলেও নির্দিষ্ট সময়ে তা করতে পারেনি। এর দায়ভারও তারা ছাত্র-ছাত্রীদের উপর চাপিয়ে দিচ্ছেন। অতিরিক্ত এক বছরসহ মোট পাঁচ বছরের ফি দাবি করা হয়েছে।

জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিএসসি ইন ফেলথ কোর্সে

তিন বছরের একাডেমিক এবং এক বছরের ইনকোর্স প্রশিক্ষণ থাকে। ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজিতে ২০০৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কোর্সটি চালু হয়।

কলেজ কর্তৃপক্ষ বিশেষত অধ্যাপক ডা. আব্দুল মালেক আমাদের হুমকি প্রদান করেছেন যে, এই অতিরিক্ত টাকা জমা না দিলে কলেজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটসহ কলেজে ভর্তি হওয়া সম্ভব কালে জমাকৃত এম.এস.সি. এবং এইচ.এস.সি. বা ডিপ্লোমা সার্টিফিকেটও ফেরত দেওয়া হবে না।

এ বিষয়ে জানতে আইএমটি'র চেয়ারম্যান অধ্যাপক ডা. আব্দুল মালেককে একাধিকবার ফোন করা হলেও তাকে পাওয়া যায়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কখনোই কোনো শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করে না। বিশ্ববিদ্যালয়ের নামে কোনো প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছে টাকা চাইবে, এটা কোনো সময়ই যেনে নেওয়া হবে না। এ বিষয়ে অভিযোগ পেয়েছি। তদন্ত কমিটিও গঠন করা হয়েছে। কমিটির রিপোর্টের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাংবাদিক সম্মেলনে সিখিত বক্তব্য পাঠ করেন ইনস্টিটিউটের শিক্ষার্থী ইসরাফত সুলতানা। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নাসির উদ্দিন মোহেল, গোলাম মোস্তফা শাওন ও নাহিদ আহমেদ।